

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অধিশাখা-১৩ (কারিগরি-২)
পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫২.২৭.০০১.১৭-20০

তারিখ : ২৮ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ।
১১ এপ্রিল, ২০১৭ খ্রি:।

বিষয় : “কারিগরি বোর্ডে ফল পুনঃনিরীক্ষণ করতে গিয়ে বিপাকে শিক্ষার্থী” প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩/০৪/২০১৭ তারিখ দৈনিক বাংলাদেশ প্রতিদিন সংবাদপত্রে “কারিগরি বোর্ডে ফল পুনঃনিরীক্ষণ করতে গিয়ে বিপাকে শিক্ষার্থী” বিষয়ক শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশ করা হয়। উক্ত প্রতিবেদনে উল্লেখ করা হয় কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার বিভিন্ন পর্বের গত ২৮ মার্চ প্রকাশিত ফলে অনুত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ১১ এপ্রিলের মধ্যে পুনঃনিরীক্ষণের আবেদন করতে কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুরোধ করা হয়েছে।

০২। উল্লেখ্য, এ সংক্রান্ত বিষয়ে পুনঃনিরীক্ষা আবেদনকারী কারিগরি শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে আবেদন করতে গিয়ে নাভিশ্বাস হয়ে উঠেছে অন্য সকল শিক্ষা বোর্ড যেখানে মোবাইলের এস. এম. এস. বা অন-লাইনের মাধ্যমে আবেদন সম্পন্ন করা যায় সেখানে কারিগরি বোর্ডের সনাতন পদ্ধতিতে সরাসরি বোর্ডে এসে দীর্ঘক্ষণ লাইনে দাড়িয়ে ফরম সংগ্রহ করে সেটি পূরণ করে ব্যাংকে টাকা জমা দিয়ে আবেদন সম্পন্ন করতে শিক্ষার্থীদের অনেক সময় ও অর্থের অপচয় হচ্ছে এবং চরম ভোগান্তি হচ্ছে শিক্ষার্থীদের।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন পরিচালিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিংসহ সকল পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণের আবেদন অন্যান্য শিক্ষা বোর্ডের ন্যায় অনলাইনে/মোবাইল এস. এম. এস-এর মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে জরুরীভিত্তিতে যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

সংযুক্তি: দৈনিক বাংলাদেশ প্রতিদিন সংবাদ পত্রে প্রকাশিত প্রতিবেদন।


(সুজিত চন্দ্র দলী)
উপসচিব

ফোনঃ ৯৫৮২০৫৫

ds_tec2@tmed.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(অফিস আদেশটি অত্র বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)